শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

নম্বর : ৪৬.১০.০০০০.০০৬.২৬.১৭৩.১২-৬৩১

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৭
২৯ নভেম্বর ২০২০

বিষয় : মহান বিজয় দিবস ২০২০ উদযাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও কার্যবিবরণী প্রেরণ।

সূত্র : বিগত ২৬ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে ২৬ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী এ সংগে প্রেরণ করা হলো। **বিষয়টি অতি জরুরি।**

সংযুক্ত : সূত্রস্থিত সভার কার্যবিবরণী : ০৩ (তিন) পৃষ্ঠা

২৯/১১/2020

রবীন্দ্রশ্রী বড়ুয়া
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
secretary@dncc.gov.bd

বিতরণ : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-(পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি। কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক নম্বর ১, ৩, ৪ ও বিবিধ সিদ্ধান্ত (ছ) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২. ........................................................................................................ বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি। কার্যবিবরণীর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩. প্রধান প্রকৌশলী, ডিএনসিসি। কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক নম্বর ১(খ), ২(ক) (খ), ৩ ও বিবিধ সিদ্ধান্ত (চ) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি। কার্যবিবরণীর বিবিধ সিদ্ধান্ত (চ) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি। কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক নম্বর ১ (ক) (খ), ২(ক), ৪, বিবিধ সিদ্ধান্ত (ঘ) (চ) (ছ) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি। কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক নম্বর ১ (ক), ৩, ৫ ও বিবিধ সিদ্ধান্ত (ঙ) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭. মেয়র এর একান্ত সচিব, ডিএনসিসি। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. মহাব্যবস্থাপক (পরিবহন), ডিএনসিসি। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ডিএনসিসি। কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক নম্বর ১ (ক) (খ) ও অন্যান্য প্রাসংগিক সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০. প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি। কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক নম্বর ১ (ক) (খ), ৪, বিবিধ (ঙ), (জ) (আ) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১. তত্বারধায়ক প্রকৌশলী, পুর/যান্ত্রিক/টিইসি/বিদ্যুৎ/পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ডিএনসিসি। কার্যবিবরণীর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২. আহ্বায়ক, সৌন্দর্য বর্ধন সেল, ডিএনসিসি। কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক নম্বর ২(খ), ৩ ও অন্যান্য প্রাসংগিক সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩. জনসংযোগ কর্মকর্তা, ডিএনসিসি। কার্যবিবরণীর বিবিধ সিদ্ধান্ত (ক), (খ), (ঙ), (ছ) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪. প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ডিএনসিসি। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৫. নির্বাহী প্রকৌশলী (পুর) (সকল অঞ্চল)/নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)/(যান্ত্রিক)(বর্জ্য ডিসপোজাল), ডিএনসিসি। কার্যবিবরণীর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ডিএনসিসি। কার্যবিবরণীর বিবিধ সিদ্ধান্ত (ছ) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৭. সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১৮. সহকারী সচিব (সাধারণ প্রশাসন), সচিব দপ্তর, ডিএনসিসি।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

তারিখ : ১১ অগ্রহায়ণ ১৪২৭ / ২৬ নভেম্বর ২০২০

সময় : বিকাল ০৪.০০ টা

স্থান : ভার্চুয়াল সভা (জুম প্লাটফর্ম)।

সভায় উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভায় মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহতসহ সকল বীর মুক্তিযোদ্ধা, তাঁদের পরিবারবর্গ এবং পরম আত্মত্যাগকারী মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে বিগত ১৯ অক্টোবর ২০২০ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। সভায় জানানো হয়, উক্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক এ বছর করোনা ভাইরাসজনিত ঝুঁকির কারণে জাতীয় কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে না। এ ছাড়াও অন্যান্য কর্মসূচিসমূহ স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে আয়োজনের জন্য উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

আগামী ১৬ ডিসেম্বর ২০২০ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | ১৬/১২/২০২০ খ্রি: সূর্যোদয়ের সাথে সাথে | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অফিসসমূহ ও অন্যান্য স্থাপনায় জাতীয় পতাকা উত্তোলন। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি<br>২. সচিব, ডিএনসিসি<br>৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি<br>৪. সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ |
| | | (খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি<br>২. প্রকৌশল বিভাগ<br>৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি<br>৪. ভান্ডার ও ক্রয় বিভাগ |
| ২. | (১৫/১২/২০২০ এবং ১৬/১২/২০২০ খ্রি:) | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাসমূহে দৃষ্টিনন্দন আলোকসজ্জা। অন্যান্য প্রতিষ্ঠানসমূহকেও এ বিষয়ে উৎসাহিত করতে হবে। | ১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি<br>২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ডিএনসিসি |
| | | (খ) মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সৌন্দর্যবর্ধক পানির ফোয়ারাসমূহ সকাল ও সন্ধ্যায় চালু রাখা। | সৌন্দর্যবর্ধণ সেল/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি |
| ৩. | ১৬/১২/২০২০ খ্রি: | ঢাকা শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি<br>২. বিউটিফিকেশন সেল<br>৩. রাজস্ব বিভাগ<br>৪. বিদ্যুৎ সার্কেল |
| ৪. | ১৬/১২/২০২০ খ্রি: | শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে **স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে** বিশেষ মোনাজাত/প্রার্থনা। | ১. সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি<br>২. সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ<br>৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ৫. | (১৬/১২/২০২০ খ্রি. থেকে ৩১/১২/২০২০ খ্রি: তারিখের মধ্যে | "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন" শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা | গঠিত উপ-কমিটি |

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত **বিবিধ সিদ্ধান্তসমূহ** সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

(ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবনে যথাযথ মর্যাদার সাথে জাতীয় পতাকা উত্তোলন; ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসূহে বাংলাদেশের বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন; সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা ইত্যাদি কর্মসূচিসমূহ যথাযথ ও স্বতঃস্ফূর্তভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সকল ও জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়ন : জনসংযোগ বিভাগ**

(খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত কর্মসূচিসমূহ সর্বসাধারণের অবগতির জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
**বাস্তবায়ন : জনসংযোগ বিভাগ**

(গ) ঢাকা শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণের বিষয়টি বিউটিফিকেশন সেল, রাজস্ব বিভাগ ও বিদ্যুৎ সার্কেল পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়ন করবে।
**বাস্তবায়ন : বিউটিফিকেশন সেল, রাজস্ব বিভাগ ও বিদ্যুৎ সার্কেল, ডিএনসিসি**

(ঘ) শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে **স্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে** বিশেষ মোনাজাত/প্রার্থনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকল সম্মানিত কাউন্সিলরদের সম্পৃক্ত করতে হবে। এ বিষয়ে স্ব স্ব আঞ্চলিক নির্বাহী অফিসারগণ সম্মানিত কাউন্সিলরদের সাথে সার্বিক সমন্বয় সাধন করবেন। এ ধরণের অনুষ্ঠানে সরকার নির্ধারিত স্বাস্থ্যবিধি যেন যথাযথভাবে অনুসৃত হয় তা নিশ্চিত করতে হবে।
**বাস্তবায়ন : সম্মানিত কাউন্সিলর (সকল)/আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল)**

(ঙ) "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম. ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন" শীর্ষক ভার্চুয়াল আলোচনা সভা আয়োজনের জন্য নিম্নরূপ বাস্তবায়ন উপ-কমিটি গঠন করা হয়। উক্ত আলোচনা সভায় গুরুত্বপূর্ণ জাতীয় ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় মাননীয় মেয়রের সাথে পরামর্শ করে গুরুত্বপূর্ণ জাতীয় ব্যক্তিবর্গ আমন্ত্রণের বিষয়টি নির্ধারণ করবেন।

| | | |
|---|---|---|
| প্রধান রাজস্ব কর্মকর্তা | - | আহ্বায়ক |
| প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য |
| জনসংযোগ কর্মকর্তা | - | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী (পিএন্ডডি) | - | সদস্য |
| সিস্টেম এনালিস্ট | - | সদস্য |

গঠিত উপ-কমিটি মাননীয় মেয়র ও প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সাথে পরামর্শ করে ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠানের তারিখ নির্ধারণ, আমন্ত্রণ নিশ্চিতকরণ ও আলোচনা অনুষ্ঠান আয়োজনের সার্বিক ব্যবস্থা গ্রহণ করবে।
**বাস্তবায়ন : গঠিত উপ-কমিটি**

(চ) মহান বিজয় দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং গুরুত্বপূর্ণ অতিথিবৃন্দের সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে যাতায়াতের পথে-

- ডিএনসিসি'র আওতাধীন সড়কে প্রয়োজনীয় সংস্কার (প্রযোজ্য ক্ষেত্রে) কার্যক্রম আগেভাগে সম্পন্ন করতে হবে;
- অপ্রয়োজনীয় ব্যানার-ফেস্টুন, তোরণ ও বর্জ্য অপসারণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;
- ডিএনসিসি'র আওতাধীন সড়ক বাতি সচল রাখার ব্যবস্থা করতে হবে।
- রাস্তায় যাতে ধুলাবালি না ওড়ে সেজন্য সড়কে পানি ছিটানোর অগ্রিম ব্যবস্থা করতে হবে। তবে রাস্তায় পানি ছিটানোর কারণে যেন কাদা সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

**বাস্তবায়ন :** **প্রকৌশল বিভাগ (সিভিল সার্কেল), (যান্ত্রিক সার্কেল), (বিদ্যুৎ সার্কেল)**
**বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ**
**আঞ্চলিক নির্বাহী অফিসার (সকল)**

(ছ) ডিএনসিসি'র বিভিন্ন এলাকায় "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের পতাকা বিধি ১৯৭২" মোতাবেক যথাযথ রং ও মাপের জাতীয় পতাকা যথাযথ মর্যাদার সাথে উত্তোলনের বিষয়টি পর্যবেক্ষণ ও নিশ্চিত করণের লক্ষ্যে ডিএনসিসি'র সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এ ছাড়া জনসচেতনতা বৃদ্ধির স্বার্থে এ বিষয়ে গণবিজ্ঞপ্তি প্রচার করা যেতে পারে।

**বাস্তবায়ন : সম্মানিত কাউন্সিলর (সকল), ডিএনসিসি**

**আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল),/নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ডিএনসিসি/জনসংযোগ বিভাগ, ডিএনসিসি**

(জ) মহান বিজয় দিবস-২০২০ উদযাপন বিষয়ক আন্ত:মন্ত্রণালয় সমন্বয় সভার সিদ্ধান্তে গঠিত -

(অ) "নিরাপত্তা, ট্রাফিক, ও পুলিশের ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটিতে" ডিএনসিসি'র মহাব্যবস্থাপক (পরিবহন) জনাব মো: মিজানুর রহমান (উপসচিব) কে মনোনয়ন প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(আ) "আমন্ত্রণ ও সংবর্ধনা উপ-কমিটিতে জনাব মোহাম্মদ মামুন-উল-হাসান, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি কে মনোনয়ন প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি মহান বিজয় দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/১১/2020

মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন: ৪৮৮১১৩৩৩
ceo@dncc.gov.bd

নং : ৪৬.১০.০০০০.০০৬.২৬.১৭৩.২২- ৬৯০

তারিখ : ২৯/১১/2020

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড/সংরক্ষিত আসন নং .............. (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. ............................................................................................. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, .............................................. (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী ................................................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. নির্বাহী প্রকৌশলী, ................................................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. জনাব ................................................................................ নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। এ কার্যবিবরণী ডিএনসিসি'র ওয়েবসাইটে আপলোড করাসহ ডিএনসিসি'র সকল স্তরের কর্মকর্তাদের অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১১. সহকারী সচিব (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১২. অফিস কপি।

২৯/১১/2020

রবীন্দ্রশ্রী বড়ুয়া
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
secretary@dncc.gov.bd